# চলমান গ্রাম জীবনের চিত্র — নিবিড় আন্তরিকতার বন্ধন: প্রসঙ্গ গিরীন্দ্রমোহিনীর 'গ্রাম্য ছবি'

মহাদেব দাস

গিরীন্দ্রমোহিনী দাসী বাংলা সাহিত্যের একজন বিশিষ্ট মহিলা কবি। আরও স্পষ্ট করে বললে বলা যায় উনিশ শতকের একজন সার্থক মহিলা গীতিকবি। এই গিরীন্দ্রমোহিনীর কবিতা সম্পর্কে বঙ্কিমচন্দ্র মন্তব্য করেছেন — "শ্রুত আছি এ কাব্যখানি পঞ্চদশবর্ষীয়া বালিকার প্রণীত। ইহা পূর্ণবয়স্কা কোন স্ত্রীর লিখিত হইলেও প্রশংসনীয় হইত। প্রৌঢ়বয়ঃ কোন পুরুষের লিখিত হইলেও প্রশংসনীয় হইত। ইহার অনেক স্থান এমন যে তাহা কোন প্রকারেই অল্প বয়স্কা বালিকার রচনা বলিয়া বিশ্বাস করা যায় না।"[১] বঙ্কিমচন্দ্রের এই মন্তব্য থেকেই বোঝা যায় যে গিরীন্দ্রমোহিনীর কাব্যকলায় একটা স্বাভাবিক ও স্বতঃস্ফূর্ত প্রাণোচ্ছলতা ছিল। তাঁর এই স্বাভাবসিদ্ধ কাব্যকীর্তির রূপান্বেষণের পূর্বে তাঁর জীবনবৃত্তের সংক্ষিপ্ত পরিচয় নিলে বোধ হয় কবিকে বুঝতে আমাদের একটু সুবিধে হবে।

যাঁকে বঙ্কিমচন্দ্র 'পঞ্চদশবর্ষীয়া বালিকা' বলে সম্বোধন করেছেন সেই গিরীন্দ্রমোহিনী দাসীর জন্ম কলকাতার ভবানীপুরে মাতুলালয়ে ১৮আগষ্ট, ১৮৫৮। পিতা হারানচন্দ্র মিত্র, মাতা ভুবনমোহিনী দেবী। শহরে জন্ম এবং বিবাহ হলেও গ্রামের সঙ্গে যথেষ্ট যোগ ছিল গিরীন্দ্রমোহিনীর। তাঁর মামারা তাদের নিজেদের বাড়ির পাশে বালিকা বিদ্যালয় স্থাপন করেছিলেন, আর সেই খানেই গিরীন্দ্রমোহিনী শৈশবে শিক্ষা গ্রহণ করেন। পাশাপাশি বাবা হারনচন্দ্র মেয়েকে ইংরেজি বই থেকে গল্প বাংলায় ব্যাখ্যা করে শোনাতেন। মাতামহীর সংগ্রহে ছিল অনেক বই- মহানাটক, কোকিলদূত, যোজনগন্ধা, বাসবদত্তা, ঈসুফ জেলেকা, কবিকঙ্কণ চণ্ডী, কৃত্তিবাসী রামায়ণ, কাশীদাসী মহাভারত। বালিকা বয়সে এইসব বইয়ের সঙ্গে তার পরিচয় ঘটে।

গিরীন্দ্রমোহিনীর অতি অল্প বয়সেই বিয়ে হয়। জানা যায় "সেকালের সামাজিক রীতি অনুসারে দশ বছর বয়সে গিরীন্দ্রমোহিনীর বিবাহ হয় (১৮৬৮)। পাত্র ওয়েলিংটন স্কোয়ারের অক্রুর দত্তের প্রপৌত্র দুর্গাচরণের কনিষ্ঠ পুত্র নরেশচন্দ্র দত্ত। অক্রুর দত্তের বাড়ি ছিল সেকালে সাহিত্য চর্চার একটি কেন্দ্র। দত্তদের ইংরাজি বইয়ের সংগ্রহ বিখ্যাত। বাংলা সাহিত্য চর্চার জন্য এ বাড়িতেই সাবিত্রী লাইব্রেরী প্রতিষ্ঠিত হয়, সেখানে বঙ্কিমচন্দ্র, রবীন্দ্রনাথ, হরপ্রসাদ শাস্ত্রী প্রমুখ মনীষীরা প্রবন্ধ পাঠ করতেন। সাহিত্যিক সমাবেশের জন্য সাবিত্রী লাইব্রেরি প্রসিদ্ধ ছিল। নরেশচন্দ্র লেখাপড়া ভালোবাসতেন এবং নিজে ইংরাজিতে লেখালেখি